

॥ হাদীস সম্মান

হাদিস নাম্বারঃ ১৫৬১

১৪/ ইলম

পরিচ্ছেদঃ ইলমের ফয়েলত

আরবী

وَعَنْ أَبِي زَيْدٍ عَمِرو بْنِ أَخْطَبَ الْأَنْصَارِيِّ قَالَ : صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّسُولُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَرَ وَصَعِدَ
الْمِنْبَرَ فَخَطَبَنَا حَتَّىٰ حَضَرَتِ الظُّهُورُ فَنَزَّلَ فَصَلَّى ثُمَّ صَعِدَ الْمِنْبَرَ فَخَطَبَنَا حَتَّىٰ
حَضَرَتِ الْعَصْرُ ثُمَّ نَزَّلَ فَصَلَّى ثُمَّ صَعِدَ الْمِنْبَرَ فَخَطَبَنَا حَتَّىٰ غَرَبَتِ الشَّمْسُ فَأَخْبَرَنَا
بِمَا كَانَ وَبِمَا هُوَ كَائِنٌ فَأَعْلَمُنَا أَحْفَظْنَا رواه مسلم

বাংলা

(১৫৬১) আবু যায়েদ আমর ইবনে আখত্তাব আনসারী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, 'একদিন রাসূলুল্লাহ সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম আমাদেরকে নিয়ে ফজরের নামায পড়লেন, অতঃপর মিষ্টরে চড়ে ভাষণ দিলেন। শেষ পর্যন্ত যোহরের সময় হয়ে গেল। সুতরাং তিনি নীচে নামলেন ও নামায পড়লেন। তারপর আবার মিষ্টরে চাপলেন (ও ভাষণ দানে প্রবৃত্ত হলেন) শেষ পর্যন্ত আসরের সময় হয়ে গেল। তিনি পুনরায় নীচে অবতরণ করলেন ও নামায পড়লেন। অতঃপর তিনি আবার মিষ্টরে উঠলেন এবং খুতবা পরিবেশনে ব্রতী হলেন, শেষ পর্যন্ত সূর্য অস্ত গেল। সুতরাং অতীতে যা ঘটেছে এবং ভবিষ্যতে যা ঘটবে সে সমস্ত বিষয়গুলি তিনি আমাদেরকে জানালেন। অতএব আমাদের মধ্যে সেই ব্যক্তি সর্বাধিক বড় জ্ঞানী, যিনি এসব কথাগুলি সবার চাইতে বেশি মনে রেখেছেন।'

ফুটনোট

(মুসলিম ৭৪৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনির্ণিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65309>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন